যুগান্তর

তারিখ ... 10 MAY 2016 ...
পৃষ্ঠা ...২... কলাম ...৪...

# ঢাবিতে প্রস্তাবিত শিক্ষা আইন বাতিল দাবিতে বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

প্রস্তাবিত 'শিক্ষা আইন ২০১৬' বাতিলের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে মিছিলটি শুরু হয়ে কলা ভবন, বাণিজ্য অনুষদ ঘুরে কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এক সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশ থেকে এ আইনকে অগণতান্ত্রিক বলে আখ্যা দেয়া হয়। সংগঠনের সভাপতি নাঈমা খালেদ মনিকার সভাপতিত্বে ও সম্পাদক স্নেহাদ্রী চক্রবর্তী রিন্টুর পরিচালনায় সমাবেশে বক্তব্য দেন সহসভাপতি সত্যজিৎ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা ও সদস্য আহসানুল আরেফিন তিতু প্রমুখ। সমাবেশে বক্তারা বলেন, '২০১০ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট সরকার 'জাতীয় শিক্ষানীতি-২০১০' প্রণয়ন করে। সেই শিক্ষানীতির ওপর ভিত্তি করেই সরকার এবার শিক্ষা আইন করার উদ্যোগ নিয়েছে। ফলে এ আইনেও ছাত্র স্বার্থবিরোধী অনেক বিধান যুক্ত করা হয়েছে।